*"শিক্ষা নিয়ে গড়ব দেশ*
*শেখ হাসিনার বাংলাদেশ"*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১১.০০২.২০২১-**২০৯**

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০৮/১২/২০২১ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.২০০.৬৪.০২৯.২১-৩২৯ নং স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটের ক্যাডারভুক্ত চিফ ইনস্ট্রাক্টর [টেক] পদে সাময়িকভাবে সুপারিশকৃত নিম্নোক্ত প্রার্থীগণকে তাদের নামের পাশে উল্লিখিত পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে ৩৫৫০০-৬৭০১০/- টাকা বেতনক্রমে (৬ষ্ঠ গ্রেড) নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ/পদায়ন করা হলো:

**শর্তাবলী:**

(ক) সরকারের যথাযথ সংস্থা কর্তৃক প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের ক্ষেত্রে প্রার্থীর বিরুদ্ধে পরবর্তীতে কোনরূপ বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে অবিলম্বে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে চাকরি থেকে বরখাস্তসহ তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(খ) যোগদানের পর তাকে সরকার কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ ও নির্ধারিত মেয়াদে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাকে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে; শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক), (খ) ও (গ)-এ উল্লিখিত শর্ত সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে সরকারি বিধি মোতাবেক চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণ/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ অঙ্গীকারনামা দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(চ) তিনি যদি চাকরিতে ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তাহলে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী চাকরিতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঠ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ড) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রেও এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে; এবং

(ঢ) চাকরিতে যোগদানের জন্য প্রার্থী কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

**০২।** অনুচ্ছেদ ১-এ উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী **০৮ আগষ্ট ২০২২ খ্রিঃ তারিখের** মধ্যে নির্বাচিত প্রার্থীদেরকে তাদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হ'ল। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**চিফ ইনস্ট্রাক্টর [টেক] পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট:**

| ক্র: নং | রেজি: নম্বর | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|---|
| ০১. | ০০০০৭৯ | জনাব মোঃ লিটন রাব্বানী<br>পিতা- ছাইফ উদ্দীন আহমেদ<br>মাতা- লিলিফা বেগম | গ্রাম/শহর: ভগবানপুর<br>ডাকঘর: নাজিরপুর<br>থানা/উপজেলা: বদলগাছী<br>জেলা: নওগাঁ | চিফ ইনস্ট্রাক্টর (টেক/সিভিল) | নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট, নওগাঁ |
| ০২. | ০০০১৪০ | জনাব মোঃ মেরাজুল ইসলাম<br>পিতা- শেখ সাফায়েত হোসেন<br>মাতা- মিসেস তহমিনা বেগম | গ্রাম/শহর: কোর্টপাড়া<br>ডাকঘর: কুষ্টিয়া<br>থানা/উপজেলা: কুষ্টিয়া সদর<br>জেলা: কুষ্টিয়া | চিফ ইনস্ট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল) | রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী |
| ০৩. | ০০০০৭০ | জনাব মোঃ আব্দুল আলীম<br>পিতা- মোঃ আনোয়ারুল ইসলাম<br>মাতা- মোছাঃ হালিমা খাতুন | গ্রাম/শহর: ইব্রাহিমপুর<br>ডাকঘর: কলাবাড়ী<br>থানা/উপজেলা: দামুড়হুদা<br>জেলা: চুয়াডাঙ্গা | চিফ ইনস্ট্রাক্টর (টেক/মেকানিক্যাল) | যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর |
| ০৪. | ০০০০৯৪ | জনাব মোহাঃ এমদাদুল হক<br>পিতা- মৃত মোহাঃ নাইমুল হক<br>মাতা- রাবেয়া বেগম | গ্রাম/শহর: পাঁকা<br>ডাকঘর: বাবুপুর<br>থানা/উপজেলা: শিবগঞ্জ<br>জেলা: চাঁপাইনবাবগঞ্জ | চিফ ইনস্ট্রাক্টর (টেক/পাওয়ার) | বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া |
| ০৫. | ০০০০৮৪ | জনাব মোঃ মাহবুবুর রহমান সিদ্দিকি<br>পিতা- মোঃ আব্দুর রহমান<br>মাতা- মৃত মালেকা বেগম | গ্রাম/শহর: উত্তর ফরিদপুর<br>ডাকঘর: দিনাজপুর (৫২০০),<br>থানা/উপজেলা: দিনাজপুর সদর,<br>জেলা: দিনাজপুর | চিফ ইনস্ট্রাক্টর (টেক/পাওয়ার) | কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া |

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২০/৭/২২

(রহিমা আক্তার)
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১০৮৯
ই-মেইল: sastec1@tmed.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল, বাংলাদেশ
০৫. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
(নির্ধারিত তারিখের পরে সংশ্লিষ্ট কর্মকর্তাদের যোগদানের তথ্য প্রেরণের অনুরোধসহ)
০৮. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]
০৯. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য]
১০. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর
১১. উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (উর্পযুক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে ৩০(ত্রিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
১২. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
১৩. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৪. অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট
১৫. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
১৬. জনাব.......................................................................................................
১৭. অফিস নথি।